দৈনিক জনকণ্ঠ

তারিখ: 04 JAN 2016
পৃষ্ঠা ৩ কলাম ৪

# আড়াই হাজারের বেশি শিক্ষার্থীকে বরণ করে নিল নর্থ সাউথ ভার্সিটি

নর্থ সাউথ ইউনিভার্সিটিতে স্প্রিং সেমিস্টারের স্নাতক শ্রেণীর শিক্ষার্থীদের নবীনবরণ অনুষ্ঠান শনিবার বসুন্ধরার নিজস্ব ক্যাম্পাসে অনুষ্ঠিত হয়। বিবিএ, ইটিই, ইইই, স্থাপত্য, অর্থনীতি, ইংরেজী, আইন, ফার্মেসী, কিম্পিউটার সায়েন্স, পরিবেশ বিজ্ঞান, মাইক্রোবায়োলজি, বায়োটেকনোলজি, বায়োকেমিস্ট্রিসহ কম্পিউটার ইঞ্জিনিয়ারিং বিভাগের পঁচিশ শতাধিক নতুন শিক্ষার্থীকে বরণ করে নেয়া হয়। বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান অধ্যাপক আব্দুল মান্নান অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। এনএসইউ ট্রাস্টি বোর্ডের চেয়ারম্যান ও এফবিসিসিআইয়ের সাবেক সভাপতি এম এ কাসেম এতে বিশেষ অতিথি হিসেবে যোগদান করেন।

সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের ভারপ্রাপ্ত উপাচার্য প্রফেসর ড. গৌর গোবিন্দ গোস্বামী। সম্মানিত অতিথি ছিলেন এনএসইউ ট্রাস্টি বোর্ডের সদস্য এম এ হাসেম এবং রেহানা রহমান। অনুষ্ঠান শুরু হয় সকাল সাড়ে নয়টায়। প্রফেসর ড. সেলিম সারোয়ার, প্রফেসর ড. জি ইউ আহসান, প্রফেসর ড. মোঃ সিরাজুল ইসলাম ও প্রফেসর ড. মোহাম্মাদ মাহবুব রাহমান অনুষ্ঠানে বক্তব্য রাখেন। শুভেচ্ছা বক্তব্য রাখেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার মোঃ শাহজাহান। এ সময় সিনিয়র শিক্ষক, বিভাগীয় প্রধান, উর্ধতন কর্মকর্তাসহ অভিভাবকগণ উপস্থিত ছিলেন। -বিজ্ঞপ্তি